

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৮২

১২/ কুরআন

পরিচ্ছেদঃ কুরআনের তাফসীর

আরবী

عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللهِ قَالَ لَمَّا نَزَلَتْ (الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ) شَقَّ ذَلِكَ عَلَى أَصْحَابِ رَسُولَ اللهِ عَلِيْ لَيْسَ هُوَ عَلَى أَصْحَابِ رَسُولُ اللهِ عَلِيْ لَيْسَ هُوَ كَمَا قَالَ لُقْمَانُ لِإَبْنِهِ (يَا بُنَىَّ لاَ تُشْرِكْ بِاللهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ) كَمَا تَظُنُّونَ إِنَّمَا هُوَ كَمَا قَالَ لُقْمَانُ لِإَبْنِهِ (يَا بُنَىَّ لاَ تُشْرِكْ بِاللهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ)

বাংলা

(১৪৮২) আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) বলেন,

الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْم

অর্থাৎ, যারা বিশ্বাস করেছে এবং তাদের বিশ্বাসকে যুলুম (শির্ক) দ্বারা কলুষিত করেনি, নিরাপত্তা তাদেরই জন্য এবং তারাই সৎপথপ্রাপ্ত। (আনআমঃ ৮২)

'এই আয়াত যখন অবতীর্ণ হল, তখন মুসলিমদের নিকট বিষয়টি কঠিন মনে হল। বলল, 'আমাদের মধ্যে কে আছে যে নিজের উপর যুল্ম (অন্যায় বা পাপ) করে না?' তা শুনে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (তোমরা যে যুলম মনে করছ) তা নয়। বরং তা (সবচেয়ে বড় যুলম) কেবলমাত্র শির্ক। তোমরা কি পুত্রকে সম্বোধন করে লুকমানের উক্তি শ্রবণ করনি? (তিনি তাঁর পুত্রকে বলেছিলেন),

يَا بُنَيَّ لاَ تُشْرِكْ باللهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيْمٌ

অর্থাৎ, হে বৎস্য! আল্লাহর সাথে শির্ক করো না, নিশ্চয় শির্ক বড় যুলম।

ফুটনোট

(বুখারী ৬৯৩৭, মুসলিম ৩৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন